

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ
ssrc.portal.gov.bd

নং২০.০০.০০০০.৩০৯.০২.০৩৯.২১-৩৫৪

তারিখঃ ২০ জুন ২০২৩
০৬ আষাঢ় ১৪৩০

প্রাপকঃ জনাব মোঃ আমিনুল ইসলাম
(এমফিল গবেষক)
সোসিওলজিস্ট, কক্ষ নং-৪২৮
বন ভবন, আগারগাঁও, ঢাকা
মোবাইলঃ ০১৭১২৮৫৯৩১১
Email: aminul.sociologist@yahoo.com

বিষয়ঃ গবেষণার জন্য গৃহীত অর্থ ফেরত প্রদান।

গবেষণার শিরোনামঃ "Assessing the Role of Social Capital for Community Local People's Development: A Sociological Study in Bangladesh" –শীর্ষক এমফিল গবেষণা।


সূত্রঃ গবেষকের ১২/০৫/২০২৩ তারিখের আবেদন।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের অর্থায়নে পরিচালিত উপরোল্লিখিত শিরোনামের গবেষণাটি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকায় পরিচালনা করার জন্য বিগত ২৪/০১/২০২১ তারিখে আপনার সাথে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিনামা অনুযায়ী গবেষণার মেয়াদ ২৪ (চব্বিশ) মাস যা ২৩/০১/২০২৩ তারিখে উত্তীর্ণ হয়েছে।

০২। আপনি উপরোল্লিখিত শিরোনামের এমফিল গবেষণাটি নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করার বিষয়ে চুক্তিবদ্ধ হলেও চুক্তির শর্ত অনুযায়ী আপনার এমফিল গবেষণার চূড়ান্ত প্রতিবেদন পাওয়া যায়নি। উল্লেখ্য গবেষণার চুক্তির মেয়াদ বৃদ্ধির জন্য গত ২২/০৩/২০২৩ তারিখে আপনার আবেদনের পরিপ্রেক্ষিতে এ পরিষদের ১৬/০৪/২০২৩ তারিখের পত্রের মাধ্যমে জানানো হয় যে, গবেষণার চুক্তির মেয়াদ বৃদ্ধির কোন সুযোগ নেই। গবেষণার জন্য ১ম কিস্তি বাবদ গৃহীত ৬৯,১৩০/- (উনসত্তর হাজার একশত ত্রিশ) টাকা ০১ (এক) মাসের মধ্যে ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হয়। উক্ত টাকা ফেরত না দিয়ে আপনি পুনরায় সূত্রোক্ত পত্রের মাধ্যমে মেয়াদ বৃদ্ধির আবেদন করেছেন, যা কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুর হয়নি।

০৩। এমতাবস্থায়, আপনার উক্ত শিরোনামের গবেষণার চুক্তির মেয়াদ বৃদ্ধির বিষয়টি মঞ্জুর না হওয়ায় গবেষণার জন্য গৃহীত ১ম কিস্তি বাবদ ৬৯,১৩০/- (উনসত্তর হাজার একশত ত্রিশ) টাকা ট্রেজারি চালানের মাধ্যমে কোড নং- ১ ১৪০১ ০০০১ ২৬৮১ তে সরকারি কোষাগারে জমা দিয়ে চালানের মূলকপি সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ কার্যালয়ে আগামী ০১ (এক) মাসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


আপনার বিশ্বস্ত

(মোঃ লুৎফুর রহমান)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৯১৮০৭৯৭

নং২০.০০.০০০০.৩০৯.০২.০৩৯.২১-৩৫৪/১(৬)

তারিখঃ ২০ জুন ২০২৩
০৬ আষাঢ় ১৪৩০

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। যুগ্মসচিব (বাজেট, এপিএ ও প্রশিক্ষণ), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ২। উপসচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল পরিকল্পনা বিভাগ, ঢাকা (Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। গবেষণা অনুসন্ধানী (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা (এসএসআরসি'র Webportal এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। সংশ্লিষ্ট নথি, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।


(মোঃ লুৎফুর রহমান)
গবেষণা কর্মকর্তা